

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
www.abak-rdcd.gov.bd
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২৭.১৯.৬১

তারিখ: ২৯ মাঘ ১৪২৬

১২ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব মো: ওমর ফারুক, উপজেলা সমন্বয়কারী, গাইবান্ধা সদর, গাইবান্ধা আমার বাড়ি আমার খামার প্রকল্প-এর বিবুদ্ধে যোগদানের পর থেকে প্রকল্পের কাজে চরম গাফিলতি, সঠিক সময়ে অফিসে না যাওয়া, প্রায়শই কর্মস্থলে অনুপস্থিতি, ফোন রিসিভ না করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ নানাবিধ অভিযোগের বিষয়ে সিনিয়র অফিসার, জেলা আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রকল্প সদর কার্যালয়কে লিখিতভাবে অবহিত করেছেন।

২। বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অফিস শৃংখলার পরিপন্থী। তার এরূপ কর্মস্থলে অনুপস্থিতি প্রমাণ করে যে তিনি প্রকল্পের চাকুরি করতে অনিচ্ছুক। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে কর্তৃপক্ষ মনে করেন। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩। এমতাবস্থায়, প্রকল্পের কাজে চরম গাফিলতির কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



১২-২-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

জনাব মো: ওমর ফারুক, উপজেলা সমন্বয়কারী, গাইবান্ধা
সদর, গাইবান্ধা আমার বাড়ি আমার খামার প্রকল্প।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২৭.১৯.৬১/১(৯)

তারিখ: ২৯ মাঘ ১৪২৬

১২ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গাইবান্ধা।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
৯) সংশ্লিষ্ট নথি।



১২-২-২০২০

আকবর হোসেন
প্রকল্প পরিচালক